

# আমের হপার (Mango Hopper)

## পোকা পরিচিতি

আমের হপার পোকা একটি অত্যন্ত ক্ষতিকর পোকা। এদের জীবন চক্রে ডিম, নিম্ফ ও পূর্ণঙ্গ পোকা তিনটি স্তর রয়েছে। এ ক্ষেত্রে পূর্ণ বয়স্ক পোকা পাতার নীচে অথবা কচি ডগায় ডিম পাড়ে। কয়েক দিনের মধ্যে ডিম থেকে নিম্ফ হয় এবং পরবর্তীতে পূর্ণঙ্গ পোকায় রূপান্তরিত হয়। পূর্ণবয়স্ক পোকা ৭-৮ মিলিমিটার ও ধূসর বা বাদামী বর্ণের হয়। নিম্ফ ও পূর্ণঙ্গ উভয় স্তরই ক্ষতিকর। আমের হপার পোকা অঙ্ককার ও ছায়াযুক্ত স্থান পছন্দ করে।

## ক্ষতির লক্ষণ

আমের হপার পোকা আমগাছের কচি অংশের রস চুষে খেয়ে বেঁচে থাকে। আমের মুকুল বের হওয়ার সাথে সাথে হপার পোকা মুকুলকে আক্রমণ করে। এ পোকা আমের মুকুল থেকে রস চুষে খায় ফলে মুকুল শুকিয়ে বিবর্ণ হয়ে যায়। পরে শুধু গাছে আম শূন্য পুষ্প দন্ড দেখা যায়। একটি হপার পোকা দৈনিক তার দেহের ওজনের ২০ গুণ রস শোষণ করে খায় এবং দেহের প্রয়োজনের অতিরিক্ত আঠালো রস মলদ্বার দিয়ে বের করে যা মধুরস নামে পরিচিত। এ মধুরস মুকুলের ফুল ও গাছের পাতায় জমা হয়। পরে এ থেকে জন্ম নেয় এক প্রকার ছত্রাক। এর ফলে মুকুল, ফুল ও পাতার উপর কালো রংয়ের স্তর পড়ে যা সালাক-সংশ্লেষণ প্রক্রিয়াকে মারাত্মকভাবে ব্যাহত করে। এই পোকার আক্রমণে আমের উৎপাদন শতকরা ১০০ ভাগ পর্যন্ত হ্রাস পেতে পারে এবং গাছের বৃদ্ধি কমে যেতে পারে।



পূর্ণঙ্গ হপার পোকা



আক্রান্ত ডগা



ক্ষতিগ্রস্ত আমের মুকুল

## সমন্বিত দমন ব্যবস্থাপনা

- আমের মুকুল আসার দুই মাস পূর্বেই প্রতিনিয়ত আমগাছ সহ বাগানের আশে-পাশে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে, যাতে করে হপার পোকার পোষক ধ্বংস প্রাপ্ত হয়;
- হপার পোকা অঙ্ককার বা বেশি ছায়াযুক্ত স্থান পছন্দ করে তাই নিয়মিতভাবে গাছের ডালপালা ছাঁটাই করতে হবে, যাতে গাছের মধ্যে আলো বাতাস প্রবেশ করতে পারে;
- আমের মুকুল যখন ৮-১০ সেন্টিমিটার হয় অর্থাৎ ফুল ফোটার আগে একবার এবং আম যখন মটর দানাকৃতি হয় তখন আরও একবার অনুমোদিত বালাইনাশক বোতল বা প্যাকেটের গায়ে লেবেলে দেয়া সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে;
- সাইপারমেথ্রিন ১০ইসি গ্রুপের অনুমোদিত বালাইনাশক @ ১ মিলি/লিটার পানিতে অথবা কার্বারিল ৮০ ডরিউপি গ্রুপের অনুমোদিত বালাইনাশক @ ১গ্রাম/লিটার পানিতে অথবা ইমিডাক্লোরোপিড গ্রুপের অনুমোদিত বালাইনাশক @ ০.৫০ মিলি/লিটার পানিতে ভালভাবে মিশিয়ে সম্পূর্ণ গাছে স্প্রে করতে হবে;
- আমের হপার পোকার কারণে সুটিমোল্ড বা কুল রোগের আক্রমণ ঘটে। রোগ দমনের জন্য প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে সালফার জাতীয় ছত্রাকনাশক হপার পোকা দমনের জন্য ব্যবহার্য বালাইনাশকের সাথে মিশিয়ে স্প্রে করতে হবে।

## আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

